**AKASHVANI(Kolkata)**

**Regional News Unit**

**Date: 15-01-2026** **Time: 1-40 P.M.**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১/ কয়লা পাচার কাণ্ডে নির্বাচনী পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের বিরুদ্ধে ইডির তল্লাশিতে মুখ্যমন্ত্রীর বাধাদানের মামলার শুনানি, সুপ্রিম কোর্টে শুরু হয়েছে।

# রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার সহ ঐদিন উপস্থিত পুলিশের শীর্ষ কর্তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য শীর্ষ আদালতের কাছে আবেদন ইডির।

২/ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR সংক্রান্ত দাবি ও আপত্তি জানানোর সময়সীমা শেষ হচ্ছে আজ।

৩/ নীপা ভাইরাসে কেউ আক্রান্ত হয়েছেন সন্দেহ হলে স্বাস্থ্য দপ্তর, চার ধরণের নমুনা সংগ্রহ করে পরীক্ষার সিদ্ধান্ত নিয়েছে।

৪/ কেন্দ্রীয় পর্যটন ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী গজেন্দ্র সিং শেখওয়াত, আজ কলকাতায় একাধিক অনুষ্ঠানে যোগ দিচ্ছেন।

৫/ সরস্বতী পুজোর দিন জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নিয়ে আপত্তি জানিয়ে ‘ন্যাশনাল টেস্টিং এজেন্সি’কে চিঠি দিয়েছে রাজ্য সরকার।

৬/ সাগরসঙ্গমে পুণ্যস্নানের মাহেন্দ্রক্ষণ শেষ হলেও, এখনো বহু মানুষ গঙ্গাসাগরে ভিড় জমিয়েছেন।

*********************************************************************

কয়লা পাচার কাণ্ডে তৃণমূল কংগ্রেসের পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের বিরুদ্ধে ইডির তল্লাশিতে মুখ্যমন্ত্রীর বাধাদানের মামলার শুনানি, সুপ্রিম কোর্টে শুরু হয়েছে। এদিন বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রা ও বিপুল এম পাঞ্চোলি-র বেঞ্চে ইডির তরফে সওয়াল করছেন সলিসিটার জেনারেল তুষার মেহেতা। তিনি বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, তল্লাশি অভিযানে গিয়ে বাধা দিয়েছেন। এর আগেও একাধিকবার কেন্দ্রীয় সংস্থার তদন্তে বাধা দেওয়া হয়েছে।

আই প্যাকের অফিস ও কর্নধারের বাড়িতে তল্লাশির ঘটনায় রাজ্য পুলিশের ডিজি, কলকাতার পুলিশ কমিশনার সহ উপস্থিত অন্যান্য শীর্ষ পুলিশ আধিকারিকদের বরখাস্ত করার নির্দেশ দেবার জন্য সুপ্রিমকোর্টে আর্জি জানিয়েছে ইডি। এদিন শীর্ষ আদালতে মামলার শুনানিতে কেন্দ্রের সলিসিটর তুষার মেহেতা

বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রা ও বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চে বলেন, কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তা রক্ষীদেরকে অকেজো করে দিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে রাজ্যের পুলিশ আধিকারিকরা গেটে ধর্না দিতে থাকেন যাতে কেউ ভিতরে না প্রবেশ করতে পারে। অবিলম্বে এই পুলিশ আধিকারিকদের সাসপেন্ড করার নির্দেশ দিক কতৃপক্ষ সেই আর্জি জানাচ্ছি। ইডি আধিকারিকরা যে সমস্ত তথ্য প্রমান সংগ্রহ করতে গিয়েছিলেন, পুলিশের উপস্থিতিতে রাজ্যের মুখ্যমন্ত্রী সেই তথ্য প্রমাণ নিজে নিয়ে চলে গেছেন।

****************************************************************************

ব্যাঙ্ক দুর্নীতি মামলার তদন্তে CBI আজ কলকাতার বেশ কয়েকটি জায়গায় তল্লাশি চালাচ্ছে। নিউ আলিপুর রোডে নিশা কেওজরিওয়াল নামে এক ব্যবসায়ীর বাড়িতে চলছে তল্লাশি। পাশাপাশি কলকাতা এবং নিউ টাউনের আরো কয়েকটি জায়গায় হানা দিয়েছেন CBI আধিকারিকরা। ইডির তদন্তে রাজ্যের মুখ্যমন্ত্রীর বাধা দানের ঘটনার প্রেক্ষিতে রাখা হয়েছে অতিরিক্ত বাহিনী।

****************************************************************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর) সংক্রান্ত দাবি ও আপত্তি জানানোর সময়সীমা শেষ হচ্ছে আজ। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের তরফে জানানো হয়েছে খসড়া ভোটার তালিকা প্রকাশের পরে সাধারণ ভোটারদের কাছ থেকে ফর্ম ৬ মারফত নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন পড়েছে ৩ লক্ষ ৭৮ হাজার ১৬৩টি এবং ফর্ম ৭ মারফত নাম বাদ দেওয়ার আপত্তি জমা পড়েছে ৩৮ হাজার ৮৬৫টি।

নির্বাচন দফতর সূত্রে জানানো হয়েছে, নির্ধারিত সময়সীমা শেষ হওয়ার পর আর নতুন কোনও দাবি বা আপত্তি গ্রহণ করা হবে না। তার পর যাচাই-বাছাই ও শুনানির প্রক্রিয়া শেষ করে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিকে এগোবে কমিশন।

****************************************************************************

মালদার ফারাক্কায় তৃণমূল কংগ্রেস বিধায়কের উপস্থিতিতে বিডিও অফিসে এস আই আরের শুনানি ক্যাম্পে ভাঙচুরের ঘটনায় নির্বাচন কমিশন অভিযুক্তদের বিরুদ্ধে FIR দায়ের করেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে, ইতিমধ্যেই সংশ্লিষ্ট এলাকার ব্লক উন্নয়ন আধিকারিক(BDO) অজ্ঞাত পরিচয় দুষ্কৃতীদের বিরুদ্ধে থানায় FIR দায়ের করেছেন। ওই FIR-এর কপি DEO-র কাছে তলব করেছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর।

উল্লেখ্য, এসআইআর প্রক্রিয়ার নামে সাধারণ মানুষ ও বিএলওদের হেনস্থার অভিযোগকে কেন্দ্র করে গতকাল ফরাক্কা বিডিও অফিস চত্বর উত্তপ্ত হয়ে ওঠে। স্লোগান দিতে দিতে মূল দরজা দিয়ে ঢুকে দুষ্কৃতীরা পৌঁছে যান বিডিও, ERO-র ঘরে। ধাক্কা মেরে খোলা হয় শুনানি কেন্দ্রের দরজা। চলে ব্যাপক ভাঙচুর। অভিযোগ, স্থানীয় তৃণমূল বিধায়ক মনিরুল ইসলামের উপস্থিতিতেই ভাঙচুর চলে।

*******************************************************************

ভোটার তালিকা সংশোধন বা যাচাইয়ের জন্য পাঠানো 'শুনানি নোটিশ' ঘিরে আজ ব্যপক উত্তেজনা ছড়ায় **উত্তর দিনাজপুর** জেলার চাকুলিয়া ব্লকের কাহাট এলাকায়। প্রশাসনের পাঠানো এই নোটিশের বিরোধিতা করে এদিন সকাল থেকেই সরব হন স্থানীয় সাধারণ ভোটাররা। বিক্ষোভের জেরে দীর্ঘক্ষণ অবরুদ্ধ হয়ে পড়ে রাজ্য সড়ক।

*******************************************************************

আগামী মাসের শুরুতেই রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন বসতে চলেছে বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গিয়েছে। বিধানসভা নির্বাচন থাকায় এই অধিবেশনে অন্তর্বর্তী বাজেট পেশ করা হবে। ৩১ জানুয়ারি অধিবেশন শুরু হয়ে দুই অথবা তিন ফেব্রুয়ারি আগামী অর্থ বছরের জন্যে বাজেট পেশ করা হতে পারে বলে সূত্রের খবর। অধিবেশন এক সপ্তাহ চলবে বলে প্রাথমিকভাবে ঠিক হয়েছে।

*******************************************************************

ভারতীয় রেল দেশজুড়ে যাত্রী-কেন্দ্রিক এবং ভবিষ্যৎ-উপযোগী রেল পরিকাঠামোকে এগিয়ে নিয়ে চলেছে। এই প্রকল্পের অংশ হিসেবে রাজ্য জুড়ে প্রায় ৩৬০০ কোটি টাকা ব্যয়ে নিউ জলপাইগুড়ি, সাঁতরাগাছি, আসানসোল ও শালিমার সহ ১০১টি অমৃত স্টেশনের পুনর্নির্মাণ কাজ চলছে। স্থানীয় সংস্কৃতি ও ঐতিহ্যকে অন্তর্ভুক্ত করার পাশাপাশি আধুনিক সুযোগ-সুবিধা, উন্নত চলাচল ব্যবস্থা সুনিশ্চিত করাই এই প্রকল্পের লক্ষ্য। পানাগড়, জয়চণ্ডীপাহাড় এবং কল্যাণী ঘোষপাড়া স্টেশনগুলি ইতমধ্যেই চালু হয়ে গেছে। গত বছর ২২ মে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এগুলির উদ্বোধন করেন।

পশ্চিমবঙ্গে অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে পুনঃবিকাশিত স্টেশনগুলির মধ্যে রয়েছে: আদ্রা, আলিপুরদুয়ার, আলুয়াবাড়িরোড, অম্বিকাকালনা, আনারা, অণ্ডাল, আন্দুল, আসানসোল, আজিমগঞ্জ, বাগনান, বালি, বালুরঘাট, ব্যাণ্ডেল, বনগাঁ, বাঁকুড়া, বড়ভূম, বারাসত, বর্ধমান, ব্যারাকপুর, বেলদা, বহরমপুর কোর্ট, বেথুয়াডহরি, ভালুকা রোড, বিন্নাগুড়ি, বিষ্ণুপুর, বোলপুর শান্তিনিকেতন প্রভৃতি।

*******************************************************************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা 'আন্তর্জাতিক প্রেক্ষাপটে ভারতের প্রধানমন্ত্রী'। বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকারের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*******************************************************************

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখওয়াত আজ কলকাতায় একাধিক অনুষ্ঠানে যোগ দিচ্ছেন। সকালে পূর্বাঞ্চল সংস্কৃতি পরিষদ- EZCC-তে নব নির্মিত রঙ্গমঞ্চের উদ্বোধনের পর তিনি মৌলানা আবুল কালাম

আজাদ ইন্সটিটিউট অফ এশিয়ান স্টাডীজ-এ একটি বই প্রকাশ অনুষ্ঠানে যোগ দিচ্ছেন। এশিয়াটিক সোসাইটি-র ২৪৩ তম প্রতিষ্ঠা দিবসের উদ্‌যাপনে অংশ নেবেন তিনি।

********************************************************************

কেউ নিপা ভাইরাসে আক্রান্ত হয়েছেন সন্দেহ হলে রাজ্য স্বাস্থ্য দপ্তর চার ধরনের নমুনা সংগ্রহ করে পরীক্ষার সিদ্ধান্ত নিয়েছে। প্রস্রাব, রক্তের দুই ধরনের নমুনার পাশাপাশি ন্যাসোফ্যারেনজিয়াল পরীক্ষা করার জন্য নমুনা সংগ্রহ করে প্রথমে কল্যাণী এইমস ও পরে সেখান থেকে পুনে জাতীয় পরীক্ষাগারে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে দপ্তর সূত্রে জানা গিয়েছে।

********************************************************************

২০০৯ সালে প্রাথমিক চাকরী প্রার্থী ঐক্য মঞ্চ এবং ২০১৭-র ওয়েটিংলিস্টে থাকা গ্রুপ-ডি-র বঞ্চিত চাকরী প্রার্থীদের ঐক্যমঞ্চের নবান্ন অভিযানকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। আন্দোলন শুরু হওয়ার আগেই হাওড়া স্টেশনের কাছে চলে ব্যাপক ধরপাকড়। পাশাপাশি হাওড়া ময়দান মেট্রো স্টেশনে গার্ড রেল দিয়ে ঘিরে দেওয়া হয় বিভিন্ন এলাকা।

********************************************************************

বেশ কয়েকটি সরকারি ও দলীয় কর্মসূচিতে যোগ নিতে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি চারদিনের সফরে আজ উত্তরবঙ্গ রওনা হচ্ছেন।
দুপুরে কলকাতা থেকে বাগডোগরা হয়ে তিনি শিলিগুড়িতে পৌঁছবেন।

********************************************************************

সরস্বতী পুজোর দিন জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নিয়ে আপত্তি জানিয়েছে রাজ্য সরকার। পরীক্ষার দিন বদলের আবেদন জানিয়ে ন্যাশনাল টেস্টিং এজেন্সি বা NTA-কে চিঠি পাঠিয়েছে রাজ্যের শিক্ষা দফতর। গত বছর নভেম্বরে প্রাথমিক ভাবে জয়েন্ট এন্ট্রান্স মেন পরীক্ষার দিন ঘোষণা করলেও গত ৯ই জানুয়ারি পরীক্ষার পরিবর্তিত সূচি প্রকাশ করে এনটিএ। সূচি অনুযায়ী, ২৩ তারিখ জয়েন্টের পরীক্ষা রয়েছে। ওইদিন সরস্বতী পুজো। তবে এখনো পর্যন্ত এনটিএ-র তরফে কিছু জানানো হয়নি।

********************************************************************

ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রক কলকাতায় ১৭ তম উপজাতি যুব বিনিময় কর্মসূচির আয়োজন করছে। মন্ত্রকের অধীন "মেরা যুব ভারত পশ্চিমবঙ্গ" ও "মেরা যুব ভারত কলকাতা উত্তর'-এর যৌথ উদ্যোগে পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে ১৫ থেকে ২১শে জানুয়ারি পর্যন্ত এই কর্মসূচি চলবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে "মেরা যুব ভারত কলকাতা উত্তর"-এর জেলা যুব আধিকারিক প্রিয়াঙ্কা ঘোষ

জানিয়েছেন, ছত্রিশগড়, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, ঝাড়খন্ড এবং ওড়িশার ঝুঁকিপূর্ণ ও সংবেদনশীল এলাকার উপজাতি সম্প্রদায়ের প্রায় ২০০ জন যুবক এই অনুষ্ঠানে অংশগ্রহণ করবে।

****************************************************************

আজ পয়লা মাঘ। মকর সংক্রান্তির পরদিনেও গঙ্গাসাগরে পুণ্যস্নানের উন্মাদনা অব্যাহত।
একটি প্রতিবেদন- ( ভিসি- গৌতম মন্ডল )

****************************************************************

মাঘের শুরুতে রাজ্যজুড়ে শীতের আমেজ থাকলেও তাপমাত্রার পারদ প্রায় স্বাভাবিকের কাছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৩.২° সেলসিয়াস, স্বাভাবিকের থেকে সামান্য কম। আগামী রবিবার থেকে ন্যূনতম তাপমাত্রা আরো এক থেকে দুই ডিগ্রি বাড়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাভাস।

****************************************************************